

মির্জাপুরে এসএসসি পরীক্ষার্থীর বাড়ি থেকে খাতা উদ্ধার নিয়ে তোলপাড়

■ মির্জাপুর (টাঙ্গাইল) সংবাদদাতা

পরীক্ষা খারাপ হওয়ায় কক্ষ পরিদর্শকের কাছে খাতা না জমা দিয়ে গোপনে বাড়িতে নিয়ে গিয়েছিল সুমন মোল্লা। এই ঘটনায় এলাকায় তোলপাড় শুরু হয়। গত মঙ্গলবার টাঙ্গাইলের মির্জাপুর উপজেলার মির্জাপুর বিশ্ববিদ্যালয় কলেজে এসএসসি পরীক্ষা কেন্দ্রে এ ঘটনা ঘটে।

পরীক্ষা কেন্দ্রে সূত্রে জানা যায়, মঙ্গলবার মির্জাপুর বিশ্ববিদ্যালয় কলেজ কেন্দ্রের ৯ নং কক্ষে পরীক্ষার্থী ছিল ১৫২ জন। পরীক্ষা শেষে খাতার হিসাব না মিলায় অনুসন্ধান করে কক্ষ পরিদর্শকরা জানতে পারেন মইজুদই উচ্চ বিদ্যালয়ের ব্যবসায় শিক্ষার ছাত্র সুমন মল্লিক (১৬) পরীক্ষা দিলেও খাতা জমা দেয়নি। তারা ঘটনাটি কেন্দ্র সচিব উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. জাকির হোসেন মোল্লাকে অবহিত করেন। তিনি কেন্দ্রে দায়িত্বরত সকল পরিদর্শককে কেন্দ্রের ভিতরে আটকে রাখেন। পরে শিক্ষা অফিসার ঘটনাটি সহকারী কমিশনার(ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোছা. নাদিরা আখতার এবং উপজেলা নির্বাহী অফিসার মো. মাসুম আহমেদকে জানান। তাদের সহযোগিতায় মির্জাপুর থানা পুলিশ সুমন মোল্লা, তার পিতা রাজু মল্লিকসহ প্রধান শিক্ষককে রাতে ধরে নিয়ে আসে। পরে সুমন কেন্দ্র সচিবকে জানান, পরীক্ষা খারাপ হওয়ায় ফেল করার ভয়ে সে নিজের খাতা বাড়ি নিয়ে যায়।

এ ব্যাপারে মির্জাপুর উপজেলা নির্বাহী অফিসার মো. মাসুম আহমেদ বলেন, ছেলেটির পরীক্ষা খারাপ হওয়ায় না বুঝে খাতা বাড়ি নিয়ে ছিল। পরে খাতাটি উদ্ধার করে তাকে এক বছরের জন্য বহিস্কার করা হয়।